



হলি ক্রস কলেজ

তেজগাঁও, ঢাকা - ১২১৫

EIIN: 131962

ভর্তি সংক্রান্ত তথ্য জানতে
কলেজ Website Visit করুন
www.hcc.edu.bd
ও হলি ক্রস কলেজ Facebook page

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির তথ্যাবলী - ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে হলি ক্রস কলেজকে নিজস্ব প্রক্রিয়ায় ভর্তি গ্রহণের জন্য সদয় অনুমতি প্রদান করেন। এসএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং লিখিত পরীক্ষার মাধ্যমে ভর্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হবে।

ভর্তির আবেদন যোগ্যতা:

- বিজ্ঞান বিভাগ : এসএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ প্রাপ্ত। (এসএসসিতে অবশ্যই Higher Math. ও Biology থাকতে হবে।)
মানবিক বিভাগ : এসএসসি পরীক্ষায় জিপিএ ৩.০০ হতে ৫.০০ প্রাপ্ত।
ব্যবসায় শিক্ষা : এসএসসি পরীক্ষায় জিপিএ ৪.০০ হতে ৫.০০ প্রাপ্ত।

বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে:

- বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগে ৪.০০ ও তদূর্ধ্ব জিপিএ প্রাপ্ত শিক্ষার্থীরাও মানবিক বিভাগে ভর্তির আবেদন করতে পারবে।
➤ বিজ্ঞান বিভাগের ৪.২৫ ও তদূর্ধ্ব জিপিএ প্রাপ্ত শিক্ষার্থীরাও ব্যবসায় শিক্ষা বিভাগে ভর্তির আবেদন করতে পারবে।

ভর্তিচ্ছুক শিক্ষার্থীকে, আগামী ০৮ ডিসেম্বর ২০২২ সকাল ৯টা হতে ১২ ডিসেম্বর ২০২২ তারিখ রাত ১২টার মধ্যে

<https://sites.google.com/view/hcca/> লিংক-এ ক্লিক করে অথবা

কলেজ ওয়েবসাইট www.hcc.edu.bd - এ Admissions>Admission Application - এ ক্লিক করে আবেদন ফর্ম পূরণ করতে হবে।

- ❖ সঠিকভাবে ফর্ম পূরণ করে বিকাশের (bKash) মাধ্যমে চার্জসহ মোট ৩০০/- (তিনশত টাকা) টাকা জমা দিয়ে ফর্ম Submit করতে হবে। আবেদন ফর্ম ও Permit Slip ডাউনলোড দিয়ে প্রিন্ট কপি অবশ্যই সংগ্রহ করতে হবে।
- ❖ সিলেকশন টেস্টের দিন সঙ্গে আনতে হবে: ১) ডাউনলোডকৃত আবেদন ফর্ম (বাম দিকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত), ২) Permit Slip এর কপি, ৩) এসএসসি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি ও অনলাইন ট্রান্সক্রিপ্ট এর কপি। (সবগুলো একত্রে স্ট্যাপলার করে ডান পাশের কোণে Application ID No. লিখে আনতে হবে এবং পরীক্ষার হলে অবশ্যই জমা দিবে।) ৪। কলম, পেন্সিল, ইরোসার ও ফ্লেক একটি Clear File - এ আনতে হবে।
- ❖ পরবর্তী সময়ে ভর্তি সংক্রান্ত যেকোন কাজে Permit Slip অবশ্যই সঙ্গে আনতে হবে।

ভর্তির আবেদন ফর্ম পূরণ সংক্রান্ত:

- ১। অনলাইনে ভর্তির আবেদন ফর্ম পূরণের সময় সঠিক ও নির্ভুল তথ্য দিতে হবে। কোন ভুল তথ্য প্রদান করলে ভর্তির আবেদন বাতিল বলে গণ্য হবে। ভর্তি হওয়ার পরও যদি প্রদত্ত তথ্য ভুল প্রমাণিত হয়, সেক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ ভর্তি বাতিল করার অধিকার রাখেন।
- ২। ভর্তি আবেদন ফর্ম পূরণের সময় এসএসসি পরীক্ষার প্রবেশপত্র ও ট্রান্সক্রিপ্ট অনুযায়ী তথ্য প্রদান করতে হবে।
- ৩। আবেদন ফর্মে আবেদনকারীর সদ্য তোলা ছবি আপলোড দিতে হবে (মুখাবয়ব দৃশ্যমান হতে হবে)।
- ৪। আবেদন ফর্মে শিক্ষার্থীর এসএসসি পরীক্ষায় প্রাপ্ত গ্রেড পয়েন্ট (জিপিএ) দিতে হবে।
- ৫। প্রাপ্ত A+ এর সংখ্যা: অনলাইন ট্রান্সক্রিপ্ট - এর প্রথম ১০টি বিষয়ে প্রাপ্ত A+ এর সংখ্যা (i. ফিজিক্যাল এডুকেশন ও ii. ক্যারিয়ার এডুকেশন ব্যতিত)
- ৬। সিলেকশন টেস্ট: এসএসসি পরীক্ষা - ২০২২ এর পূর্নবিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী সিলেকশন টেস্ট নেয়া হবে।
- ৭। লিখিত পরীক্ষার বিষয়: বিজ্ঞান বিভাগ- বাংলা, ইংরেজি, পদার্থ বিজ্ঞান, রসায়ন, উচ্চতর গণিত, জীববিজ্ঞান ও সাধারণ জ্ঞান।
মানবিক বিভাগ- বাংলা, ইংরেজি, সাধারণ গণিত, ভূগোল, পৌরনীতি, অর্থনীতি, ইতিহাস ও সাধারণ জ্ঞান।
ব্যবসায় শিক্ষা বিভাগ- বাংলা, ইংরেজি, সাধারণ গণিত, হিসাব বিজ্ঞান, ফিন্যান্স ও ব্যাংকিং, ব্যবসায় উদ্যোগ ও সাধারণ জ্ঞান।
- ৮। সিলেকশন টেস্টের তারিখ: বিজ্ঞান বিভাগ- ১৮ ডিসেম্বর ২০২২ (রবিবার), মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ- ১৯ ডিসেম্বর ২০২২ (সোমবার)।
- ৯। সিলেকশন টেস্টের সময় ও আসন ব্যবস্থাপনা কলেজ ওয়েব সাইটে (www.hcc.edu.bd) প্রকাশ করা হবে।
- ১০। ভর্তি ফলাফল নির্ধারণ প্রক্রিয়া: এসএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ও সিলেকশন টেস্টে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে চূড়ান্তভাবে নির্বাচন করা হবে। অধাধিকার ভিত্তিতে নিজ বিদ্যালয়ের শিক্ষার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, সংখ্যালঘু, প্রতিবন্ধী, প্রত্যন্ত এলাকার স্কুল এর শিক্ষার্থীদের মেধা অনুযায়ী বিবেচনা করা হবে।
- ১১। ভর্তির ফল প্রকাশ: নির্বাচিত শিক্ষার্থীদের ফলাফল কলেজ ওয়েব সাইটে (www.hcc.edu.bd) ও নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। ফলাফল, চূড়ান্ত ভর্তির তারিখ ও সময় সিলেকশন টেস্টের দিন জানানো হবে।
- ১২। আসন সংখ্যা: বিজ্ঞান বিভাগ- ৭৮০, ব্যবসায় শিক্ষা বিভাগ- ২৮০ ও মানবিক বিভাগ- ২৭০।
- ১৩। আপডেট তথ্য জানার জন্য নিয়মিত কলেজ ওয়েব সাইট ভিজিট করতে হবে।

বিদ্রোহ বিবাহিতদের আবেদন করার প্রয়োজন নাই। সেশন চলাকালীন সময়ে কারো বিয়ে হলে তাকে টি.সি. দেয়া হবে (বাল্য বিবাহ আইনত অপরাধ)। কলেজ নির্ধারিত ইউনিফর্ম পরিধান করা, শরীরচর্চা ও সহ-পাঠক্রম কার্যক্রমে অংশগ্রহণ বাধ্যতামূলক। কলেজে মোবাইল ফোন আনা ও ব্যবহার করা সম্পূর্ণ নিষেধ। এ সকল বিষয়ে আপত্তি থাকলে আবেদন করার প্রয়োজন নাই।

হেল্প লাইন: ৫৮১৫২৫১৬, ০১৮৯৩৩০৯২৭০, ০১৭৪১৬২৯৯৯৮, ০১৭৪১৬২৮৭৭৬, ০১৫৫৬৩১৮১৫২ (সকাল ৯:০০ - বিকাল ৪:০০টা পর্যন্ত)